

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারী মাধ্যমিক-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০১২.২০১০.৬১৮

তারিখ: ১৬/১১/২০১৭ খ্রি:

বিষয় : রিট পিটিশন নং ৭৩৭/২০১২ মামলার রায়ে প্রেক্ষিতে দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলাধীন উত্তর পলাশবাড়ী আমিরুন সিরাজ মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক জনাব মো: আবু বকর সিদ্দিক এর স্থগিতকৃত এম.পি.ও.চালুকরণ।

সূত্র: ৩৭.০২.০০০০.১০৭.৯৯.১৭৬.২০১৬.৩৫০১

তারিখ: ২০ এপ্রিল ২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয়সূত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আইন সেলের মতামত নিম্নরূপ :

“বর্ণিত প্রতিষ্ঠান এর ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলাধীন উত্তর পলাশবাড়ী আমিরুন সিরাজ মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক জনাব মো: আবু বকর সিদ্দিক-কে বকেয়া ব্যতিত এম.পি.ও. ভুক্তির ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।”

০২. দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলাধীন উত্তর পলাশবাড়ী আমিরুন সিরাজ মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক জনাব মো: আবু বকর সিদ্দিক এর বিরুদ্ধে বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, দিনাজপুর এ নারী ও শিশু নির্যাতন মামলা নং-৭৩৭/২০১২ ধারা নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ এর (২০০৩ সালে সংশোধিত) ৭/৯(১)৯(ক) ধারায় মামলা দায়ের করা হয়। সে প্রেক্ষিতে বিদ্যালয় কর্তৃপক্ষ তাঁকে ১৪/০৮/২০১২ তারিখ হতে সাময়িক বরখাস্ত করে। জনাব মো: আবু বকর সিদ্দিক নিম্ন আদালতে আত্মসমর্পণ করে জামিনের আবেদন করলে আদালত তা না মঞ্জুর করে তাকে জেলা হাজতে প্রেরণ করে। পরবর্তীতে তিনি উচ্চ আদালত হতে জামিনে মুক্তি লাভ করেন। রাষ্ট্রপক্ষ আসামীর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণ করতে ব্যর্থ হওয়ার প্রেক্ষিতে বিজ্ঞ জেলা জজ, নারী ও শিশু নির্যাতন দমন, দিনাজপুর আদালত তাঁকে গত ০২/০২/২০১৬ বেকসুর খালাস প্রদান করে। এ প্রেক্ষিতে ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী তিনি ০৭/০৮/২০১৬ তারিখে বিদ্যালয়ে যোগদান করেন।


০৩. বরখাস্তকালীন সময়ে জনাব মো: আবু বকর সিদ্দিক বিদ্যালয়ে অনুপস্থিত ছিলেন এবং বিদ্যালয়ের কোন কর্মকাণ্ডে অংশগ্রহণ করেননি। বিদ্যালয়ের অভ্যন্তরীণ সিদ্ধান্ত অনুযায়ী তিনি উক্ত সময়ে কোন ভাতা পাবেন না।

০৪. অধিদপ্তরের আইন উপদেষ্টার মতামত নিম্নরূপ :

in such view of the matter; our opinion is that the Directorate should release his MPO without any arrear.

০৫. এমতাবস্থায়, নারী ও শিশু নির্যাতন মামলা নং-৭৩৭/২০১২ রায়ে প্রেক্ষিতে দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলাধীন উত্তর পলাশবাড়ী আমিরুন সিরাজ মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক জনাব মো: আবু বকর সিদ্দিক-এর স্থগিত এম.পি.ও. জনবল কাঠামো নির্দেশিকার ১৮(২) অনুযায়ী বকেয়া ব্যতিত ছাড় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


সংযুক্তি : বর্ণনা মোতাবেক


(নুসরাত জাবীন বানু)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে :

০১. যুগ্ম-সচিব (আইন), আইন সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৪. যুগ্ম-সচিব (বেসর: মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।


(নুসরাত জাবীন বানু)
উপসচিব